গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৪.০২৮.১৯.২৩২

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৭
০২ মার্চ ২০২১

**বিষয় : স্থানীয় সরকার বিভাগের বাস্তবায়িত 'সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের জন্য বেলারুশ হতে মেশিনারিজ ও যন্ত্রপাতি ক্রয়' শীর্ষক প্রকল্পের মাধ্যমে আমদানী করে বিতরণকৃত যান-যন্ত্রপাতির মধ্যে যে সকল যন্ত্রপাতি বর্তমানে অব্যবহৃত রয়েছে, সে সকল যন্ত্রপাতির তালিকা প্রেরণ।**

সূত্র : স্থানীয় সরকার বিভাগের পরিকল্পনা-২ শাখার স্মারক ৪৬.০৯৫.০০০.০০.০০.৯০৮.২০১৬-১৩৪, তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নের জন্য প্রস্তাবিত 'Procurement of Machineries and Equipments from Belarus for Selected Municipalities and City Corporations' শীর্ষক প্রকল্প যাচাই কমিটির সভা গত ৩১ জানুয়ারি ২০২১ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্য সিদ্ধান্তের সাথে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

> "সমাপ্ত প্রকল্পের আওতায় সরবরাহকৃত যে সকল যন্ত্রপাতি বিভিন্ন সিটি কর্পোরেশন/ পৌরসভায় ব্যবহার হচ্ছে না, সে সকল যন্ত্রপাতির তালিকা সংগ্রহপূর্বক যে সকল সিটি কর্পোরেশন/ পৌরসভায় চাহিদা রয়েছে সেখানে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;"

২। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের বাস্তবায়িত 'সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের জন্য বেলারুশ হতে মেশিনারিজ ও যন্ত্রপাতি ক্রয়' শীর্ষক প্রকল্পের মাধ্যমে আমদানী করে বিতরণকৃত যান-যন্ত্রপাতির মধ্যে যে সকল যন্ত্রপাতি বর্তমানে অব্যবহৃত রয়েছে, সে সকল যন্ত্রপাতির তালিকা **আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে** প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩। **বিষয়টি জরুরি।**

02-03-2021
নুমেরী জামান
উপসচিব
ফোন: ৯৫৭৩৬২৫
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে):

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ চট্টগ্রাম সিটি কর্পোরেশন/ রাজশাহী সিটি কর্পোরেশন/ খুলনা সিটি কর্পোরেশন/ বরিশাল সিটি কর্পোরেশন/ কুমিল্লা সিটি কর্পোরেশন/ সিলেট সিটি কর্পোরেশন/ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/ রংপুর সিটি কর্পোরেশন/ গাজীপুর সিটি কর্পোরেশন/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

২। মেয়র, দিনাজপুর পৌরসভা/ বগুড়া পৌরসভা/ পাবনা পৌরসভা/ যশোর পৌরসভা/ কুষ্টিয়া পৌরসভা/ ফরিদপুর পৌরসভা/ পটুয়াখালী পৌরসভা/ নোয়াখালী পৌরসভা/ টাঙ্গাইল পৌরসভা।

অনুলিপি:

(১) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৩) যুগ্মসচিব (পরিকল্পনা/ নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) উপসচিব (পৌর-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।